যাত্রাবাড়ীতে ১৪ কেজি গাঁজাসহ যুবক গ্রেফতার



ছবি: সংগৃহীত

রাজধানীর যাত্রাবাড়ীর শনির আখড়া এলাকায় অভিযান চালিয়ে ১৪ কেজি গাঁজাসহ মোঃ সাজ্জাদ হোসেন নওশাদ (২১) নামে এক যুবককে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) গোয়েন্দা মতিঝিল বিভাগ। এ সময় তার কাছ থেকে একটি মোবাইল ফোনও উদ্ধার করা হয়।

সোমবার (২ নভেম্বর) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার মোঃ আকতার হোসেন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রোববার (১ নভেম্বর) রাত ১০টার দিকে যাত্রাবাড়ী থানার শনির আখড়া এলাকায় অভিযান চালিয়ে সাজ্জাদকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে যাত্রাবাড়ী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা করা হয়েছে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদের বরাতে বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, সাজ্জাদ একজন পেশাদার মাদক কারবারি। দেশের বিভিন্ন স্থান থেকে মাদক সংগ্রহ করে তিনি যাত্রাবাড়ীসহ রাজধানীর বিভিন্ন এলাকায় তা বিক্রি করতেন বলে স্বীকার করেছেন।

গ্রেফতার সাজ্জাদকে আদালতে পাঠানো হয়েছে।